গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়
রংপুর।

**অফিস আদেশ ঃ**

নং ঃ ১৮৪/২০১৮ তারিখ ঃ ১৬/০৯/২০১৮ খ্রিঃ।

রংপুর জেলা জজশীপের অধীনস্থ বিভিন্ন আদালত ও দপ্তরসমূহের " নিম্নমান সহকারী/অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর " এর ০১ (এক) টি শূণ্য পদ সংশ্লিষ্ট বিধি মোতাবেক পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির গত ১৬/০৯/২০১৮ খ্রিঃ তারিখের ৫০৮/২০১৮ নং স্মারকমূলে দাখিলী প্রতিবেদনের সুপারিশের আলোকে অত্র আদালতের নেজারত বিভাগে কর্মরত নিম্নবর্ণিত **" প্রসেস সার্ভার (জারীকারক) "** কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬ তম গ্রেডে ৯,৩০০---২২,৪৯০/-টাকা বেতন স্কেলে **" নিম্নমান সহকারী/অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর "** এর শূণ্য পদে পদোন্নতি প্রদান করতঃ পূনরাদেশ না দেওয়া পর্যন্ত তাহার নামে পার্শ্বে বর্ণিত আদালতে নিয়োগ করা হইল।

| ক্রমিক নং | নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | পদোন্নতি সূত্রে নিয়োগকৃত কর্মস্থল |
|---|---|---|
| ১। | জনাব মোঃ মনিরুজ্জামান<br>জারীকারক, নেজারত বিভাগ<br>জেলা জজ আদালত, রংপুর। | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর<br>যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম আদালত, রংপুর। |

জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ এর ৮(খ) বিধি মোতাবেক তাহার এই পদোন্নতি ০২ বৎসরের জন্য শিক্ষানবিসকাল হিসাবে গণ্য করা হইবে। শিক্ষানবিসকালে সংশ্লিষ্ট কর্মচারীর আচার আচরণ ও কর্মদক্ষতা সন্তোষজনক প্রতীয়মান না হইলে বিধি মোতাবেক তাহাকে পূর্ব পদে প্রত্যাবর্তন করা হইবে।

তাহাকে আগামী ১৮/০৯/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের নির্দেশ প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
( এ,বি,এম নিজামুল হক )
সিনিয়র জেলা জজ
রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরং ৩৬৬(৮)/২০১৮ তারিখ ঃ ১৬/০৯/২০১৮ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ

১। বিজ্ঞ যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম আদালত, রংপুর।
২। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৩। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ), জেলা আদালত বাতায়ন হালনাগাদ করণ সংক্রান্ত কমিটি, রংপুর।
৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
৫। জনাব মোঃ মোঃ মনিরুজ্জামান, জারীকারক, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৬। আদেশ বহি/অফিস ফাইল।

১৬/০৯/১৮
( এ,বি,এম নিজামুল হক )
সিনিয়র জেলা জজ
রংপুর।